দৈনিক খবর

তারিখ ... 03 JAN 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

চট্টগ্রাম ভার্সিটি ঘটনা

# বিচার বিভাগীয় তদন্ত হবে ঃ অস্থায়ী রাষ্ট্রপতি

অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমেদের সঙ্গে গতকাল বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও সর্বদলীয় ছাত্র ঐক্যের (আপসু) ১২ সদস্যের একটি প্রতিনিধিদল দেখা করেন। খবর বাসস'র।

রাষ্ট্রপতির সচিবালয়ে বৈঠককালে ছাত্র নেতারা গত ২২শে ডিসেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত ঘটনার পটভূমি ব্যাখ্যা করেন। ওই ঘটনায় ১ জন ছাত্র নিহত এবং বেশ কিছু ছাত্র আহত হয়। তারা ১১ দফা দাবী পেশ করেন।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

# বিচার বিভাগীয় তদন্ত হবে

প্রথম পৃষ্ঠার পর

দাবীনামার মধ্যে রয়েছে- ক্যাম্পাসে সংঘটিত ঘটনার জন্যে দায়ী ব্যক্তিদের বহিষ্কার ও শাস্তি প্রদান, ক্যাম্পাসে সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধকরণ, গত ২৯শে মে ও অন্যান্য ঘটনার জন্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সকল তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ এবং গুরুতর আহত ছাত্রদের বিদেশে চিকিৎসার ব্যবস্থা প্রভৃতি।

অস্থায়ী রাষ্ট্রপতি প্রতিনিধিদলকে বলেন, গত ২২শে ডিসেম্বরের ঘটনার ব্যাপারে একটি বিচার বিভাগীয় তদন্ত চালানো হবে। এ ব্যাপারে সহযোগিতা করার জন্যে তিনি ছাত্রদের আহবান জানান।

চাকসু'র সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নাজিমুদ্দীন ও আজিমউদ্দিন আহমদ বাংলাদেশ ছাত্র লীগের মঞ্জুরুল আলম শাহীন, জাতীয়তাবাদী ছাত্র দলের ইফতেখার হোসেন চৌধুরী, ছাত্র ইউনিয়নের অশোক বড়ুয়া, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের মাহবুবুর রহমান এবং ছাত্র মৈত্রীর আবদুল হান্নান রতন বৈঠকে উপস্থিত ছিলেন।